## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ।৵০ আনা, এক মাসের জন্য প্রতি লাইন প্রতি বার ।০ আনা, ১৲ এক টাকার কম মূল্যে কোন বিজ্ঞাপন প্রকাশিত হয় না। স্থায়ী বিজ্ঞাপনের দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

ইংরাজী বিজ্ঞাপনের চার্জ্জ বাংলার দ্বিগুণ।

সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা।

নগদ মূল্য ⁄০ এক আনা।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র



হাতে কাটা

**বিশুদ্ধ পৈতা**

পণ্ডিত-প্রেসে পাইবেন।

**অরবিন্দ এণ্ড কোং**

মহাবীরতলা পোঃ জঙ্গিপুর (মুর্শিদাবাদ)

ঘড়ি, টর্চ, ফাউণ্টেন পেন, চশমা, সেলাই মেসিনের পার্টস্ এখানে নূতন কিনিতে পাইবেন।

এখানে সকল প্রকার সেলাই মেসিন, ফটো ক্যামেরা, ঘড়ি, টর্চ, টাইপ রাইটার, গ্রামোফোন ও যাবতীয় মেসিনারী সুলভে সুন্দররূপে মেরামত করা হয়। পরীক্ষা প্রার্থনীয়।



৩৯শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—২৩শে বৈশাখ বুধবার ১৩৬০ ইংরাজী 6th May, 1953 { ৪৯শ সংখ্যা





সকল ঘরের তরে ...

**দীপ্তি লণ্ঠন**

ওরিয়েণ্টাল মেটাল ইণ্ডাষ্ট্রিজ লিঃ ৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২

C. P. Service

## জীবনযাত্রার পাথেয়

আমাদের গৃহ-সংসার কত আশা ও উৎসাহ, কত শান্তি ও সুখের স্বপ্ন দিয়ে তৈরী। বাপ মায়ের সে স্বপ্ন রূঢ় বাস্তবের আঘাতে ভেঙ্গে যাওয়া অসম্ভব নয়, তাই নিজের জন্যও যেমন তাঁদের দুশ্চিন্তা, ছেলে-মেয়ে ও আত্মীয়-পরিজনের জন্যও তেমনি তাঁদের উদ্বেগ ও আশঙ্কা—কি উপায়ে তাদের জীবনযাত্রা নির্ব্বাহের উপযোগী সংস্থান করে রাখা যায়? হিন্দুস্থানের বীমাপত্র সেই সংস্থানের উপায় স্বরূপ—প্রত্যেকের আর্থিক সঙ্গতি ও বিভিন্ন প্রয়োজন অনুযায়ী নানাবিধ বীমাপত্রের ব্যবস্থা আছে।

জীবনযাত্রার অনিশ্চিত পথে
জীবন বীমা মানুষের
প্রধান পাথেয়।

**হিন্দুস্থান কো-অপারেটিভ**
**ইন্সিওরেন্স সোসাইটি, লিমিটেড**

হেড অফিস—হিন্দুস্থান বিল্ডিংস
৪নং চিত্তরঞ্জন এভিনিউ, কলিকাতা—১৩

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

২৩শে বৈশাখ বুধবার সন ১৩৬০ সাল

# পাকীস্থানের বড় ভাই !

পাকীস্থানের নূতন প্রধান মন্ত্রী বলিয়াছেন—ভারতের প্রধান মন্ত্রী তাঁহার বড় ভাই। তিনি কি ভাবিয়া এই কথা বলিয়াছেন তা তিনিই জানেন। তবে আমরা বরাবর লক্ষ্য করিতেছি বাস্তবিকই ভারতের প্রধান মন্ত্রী পাকীস্থানের পুরাতন মন্ত্রীদেরও বড় ভাই-এর মত ব্যবহার করিয়া আসিতেছেন। বড় ভাই যেমন ছোট ভাইকে স্নেহ দেখাইয়া চলেন, ছোট ভাই আবদার করিয়া বড় ভাইকে কিল দেখান, বড় ভাই তাহাতে দুঃখিত হওয়া দূরের কথা একটুও বিচলিত হন না। দেওয়া লওয়ার কথা ছাড়িয়া দিলেও, ছোট ভাই-এর কার্য্যে আপত্তি পর্য্যন্ত করার প্রবৃত্তি বড় ভাই-এর হয় না। পাকীস্থানের ঠেলায় যে সব হতভাগ্য হিন্দু ভারতে পলাইয়া আসিয়া অনাহারে জীব জানোয়ারের মত মরিতে সুরু করে, বড় ভাই ভারতের প্রধান মন্ত্রী কলিকাতাতে উপস্থিত থাকিয়াও শিয়ালদহে গিয়া তাহাদের দুর্দ্দশা দেখিবার সময় পর্য্যন্ত পান নাই, বোধ হয় মনে করিলেন, ছোট ভাই যাদের দেখিতে পারে নাই, আমি আর কি দেখিব। লোক দেখাইয়া প্রিয়তমা কন্যাকে একবার পাঠাইয়া ভারতের নিমকের হালালী করিয়া কর্ত্তব্য শেষ করিলেন।

পূর্ব্ব পাকীস্থানে বাঙলা ভাষা লইয়া যে আন্দোলন হইল, তাহাতে পাকীস্থানী ছোট ভাইরা গুলি চালাইলেন অজস্র। মরিল অনেক, জেলে ঢুকিল বহুৎ।

ভাষার ভিত্তিতে প্রদেশ গঠনের আন্দোলনে অন্ধ্র রাজ্যে মহাপ্রাণ রামুলু তিল তিল করিয়া অনশনে নিজেকে শেষ করিলেন, রাজ্য মধ্যে নানা বিভ্রাট হাঙ্গামা, রেল ধ্বংস ইত্যাদি বহু অনাচার কদাচার সংঘটিত হইল, বড় ভাই ভারতের প্রধান মন্ত্রী তখন ঘোষণা করিলেন যে পৃথক অন্ধ্র রাজ্য গঠিত হইবে।

ইংরাজ কর্ত্তৃক বাঙলা ভাষাভাষী প্রদেশ বাঙলা হইতে ছিনাইয়া বিহারের সামিল করা ইংরাজের অন্যতম অপকর্ম্ম। যে অপকর্ম্ম দূরীকরণে বিহারের হিতাকাঙ্ক্ষী বিহারী নেতা শ্রীসচ্চিদানন্দ সিংহের মত ব্যক্তিও স্বীকৃত ছিলেন। প্রধান মন্ত্রী উড়িষ্যার সেরাইকেলা ও খরসোয়ানকে বিহারের অন্তর্ভুক্ত করিতে কোন দ্বিধা করেন নাই। যে অংশ বাঙলার ছিল তাহা বাঙলার সামিল করিতে কত টালবাহানা করিতেছেন। বাঙলার একজন কংগ্রেসী শ্রীবৈদ্যনাথ ভৌমিক আজ ২২ দিন অনশন করিয়া সমস্ত বাঙলায় তৎপরতা আনিয়াছেন। কংগ্রেসী কর্ত্তারা ইহাকে সামান্য বলিয়া অনুভব করিতেছেন। শ্রীভৌমিক স্বর্গতঃ শ্রীপত্তি রামুলুর মত আজ প্রায় মৃত্যুর দ্বারে উপস্থিত।

বিহার রাষ্ট্রপতি ডাঃ রাজেন্দ্রপ্রসাদের দেশ। আজ যদি শ্রীবৈদ্যনাথ ভৌমিক ( ভগবান না করুন ) ইহজগৎ হইতে চিরবিদায় গ্রহণ করেন। আর যদি তারপর অন্ধ্র রাজ্যের মত ভাষার ভিত্তিতে প্রদেশ গঠনের সুবিচার করার খেয়াল হয় তবে—

"নির্ব্বাণে দীপে কিমু তৈল দানং
চৌরে গতে বা কিমু সাবধানং।
বয়োগতে কিং বণিতা বিলাসঃ
পয়োগতে কিং খলু সেতু বন্ধঃ।"

এই শ্লোকের মতই কার্য্য করা হইবে।

উড়িষ্যার অংশ বিহারে আনিতে কোন ঝামেলা হইল না কিন্তু বাঙলার হৃত অংশ তাহাকে ফিরাইয়া দিতে এত আপত্তি একদিন রাষ্ট্রপতিও কলিকাতায় বাঙলা ভাষায় ভাষণ দিবার সময় করিয়াছেন। প্রধান মন্ত্রী মহাশয়ও যদি তাই করেন, তবে মনে হইবে

"সৎসঙ্গমে গুণ উপজে
অসৎ সঙ্গমে যায়
হাঁস ফাঁস সুতা পাত্তা
মিছরী ভাও বিকায়।"

মুখে বলিতে পারুক আর নাই পারুক, মনে মনে অনেকেই এই মত প্রকাশের চিন্তা করিবে।

পাকীস্থানের বড় ভাই হইবার আগে একবার নিজের ঘরের খবরটা লওয়া ভাল। এই ব্যাপারে স্বর্গীয় কবি দ্বিজেন্দ্রলাল রায় মহাশয়ের দুটি লাইন মনে হয়—

"তোরা ঘরের পানে তাকা।
এটা কফ-ভরা রুমালের মত
বাইরে একটু আতর-মাখা।"

রাজত্বপ্রাপ্তির সঙ্গে প্রাপ্ত তহবিল ১২৩ কোটি ১৪ লক্ষ টাকা বরাদ্দ অনুসারে ১৯৫৩-৫৪ অব্দের শেষে ৫১ কোটি ৬৯ লক্ষ টাকায় পরিণত হইবে। কাজেই—"ছিল ঢেঁকি হলো তুল,
কাটতে কাটতে নির্ম্মূল।"

## বিপ্লবী উপেন্দ্রনাথের সহধর্ম্মিণী নলিনীবালা দেবীর মহাপ্রয়াণ

অগ্নিযুগের অন্যতম প্রধান ঋত্বিক স্বর্গতঃ উপেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়ের সহধর্ম্মিণী শ্রীযুক্তা নলিনীবালা দেবী গত রবিবার বেলা ২টার সময় শ্রীমান্ নৃপেন্দ্রনাথ, শ্রীমান্ রাজেন্দ্রনাথ ও শ্রীমান্ গণেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়—তিন পুত্র, পুত্রবধূ, পৌত্রাদি রাখিয়া কাম্যধামে গমন করিয়াছেন। উপেন্দ্রনাথের সহধর্ম্মিণী হইতে হইলে যে সমস্ত সাধনার প্রয়োজন তিনি তাহাতে সিদ্ধিলাভ করিয়াছিলেন। পতিব্রতা রমণীর সংজ্ঞার সহিত তাঁহার স্বভাবের খুব সাদৃশ্য আছে :—

আর্ত্তার্ত্তে মোদিতে হৃষ্টা প্রোষিতে মলিনা কৃশা।
মৃতে ম্রিয়তে যা পত্যৌ সা স্ত্রী জ্ঞেয়া পতিব্রতা॥

যিনি পতি আর্ত্ত হইলে আর্ত্তা, আনন্দিত হইলে আনন্দিতা হন, স্বামী বিদেশস্থ হইলে মলিনা এবং কৃশা এবং মৃতে অনুমৃতা হইয়া থাকেন তিনিই পতিব্রতা আখ্যার অধিকারিণী। আজকাল অনুমৃতা হইবার নিয়ম না থাকিলেও উপেন্দ্রনাথের স্বর্গারোহণের পর ২ বৎসর ১ মাস কাল জীবন্মৃতাবস্থায় থাকিয়া বৈধব্যের অবসান করিবার সুযোগ লাভ করিলেন। স্বামীর আলিপুর বোমার মামলা হইতে আরম্ভ করিয়া আণ্ডামানে নির্ব্বাসনাজ্ঞা পালন পর্য্যন্ত দীর্ঘকাল শিশুসন্তান দুটিকে লইয়া যে কৃচ্ছ্রসাধন করিয়া গেলেন, তাহা বর্ত্তমানে ধারণা করা কঠিন। আমরা তাঁহার আত্মার প্রতি সশ্রদ্ধ প্রণতি জানাইয়া তাঁহার অক্ষয় স্বর্গ কামনা করি।

# শিক্ষিত জানবরকা তমাশা







কিসিসে মত্ ডর্
রাস্তা তেরী
খোলসা, অব্
আরামসে কাম কর্।

সচ্চাকা কেরদানী—
জানবরকা জীভ
জালা দিয়া হ্যায়
কেৎলীকা গর্ম পানী।

## ঝড় মিশ্রিত বৃষ্টি

গত শনিবার প্রথমে পবনদেব আত্মপ্রকাশ করিয়া বাহিরের ধূলা লোকের গৃহমধ্যে লইয়া যান। তারপর বরুণদেব সামান্য আকারে বর্ষণ আরম্ভ করেন। গত সোমবার বেলা দশটার সময় একটু বেশী বৃষ্টিপাত হয়। ইহাতে কোথাও কোথাও ভাদুই আউশ ধান্য বপন করা চলিবে।

## বিমান ধ্বংসে ৪৩ জনের জীবনাবসান

গত শনিবার অপরাহ্ণে কলিকাতা হইতে দিল্লী অভিমুখে যাত্রা করিবার পর বি. ও. এ. সি. র কমেট বিমান কলিকাতা হইতে ২৫ মাইল দূরে জঙ্গীপাড়ার একটি ধানক্ষেতে ধ্বংসাবস্থায় পাওয়া যায়। ৩৭ জন আরোহী ও ৬ জন বৈমানিকের প্রাণহানি হইয়াছে।

## গণনাকারী চাই

পশ্চিম বঙ্গ বিধান সভার বহরমপুর, কান্দী ও সাগরদীঘি নির্ব্বাচক মণ্ডলীর নির্ব্বাচক তালিকা বর্ত্তমান বৎসরে পুনরায় প্রস্তুত করা হইবে। এই উদ্দেশ্যে এই তিনটি অঞ্চলের অধিবাসীদের মধ্য হইতে স্থানীয় গণনাকারী নিয়োগ করা হইবে।

এই সমস্ত গণনাকারী পুরাতন নির্ব্বাচক-তালিকা লইয়া প্রতিটী বাড়ীতে যাইবেন ও তদন্ত করিয়া দেখিবেন, সেই বাড়ীতে ভোটাধিকার পাওয়ার উপযুক্ত যে সমস্ত ব্যক্তি বাস করেন, সকলেরই নাম ও বিবরণ সেই পুরাতন তালিকায় নির্ভুলভাবে লেখা হইয়াছে কি না। পুরাতন তালিকায় কোন ভুল থাকিলে সেই ভুল সংশোধন করিতে হইবে। প্রয়োজন অনুসারে নূতন নাম যোগ করিতে অথবা পুরাতন নাম বাদ দিতে হইবে। পুরাতন তালিকার অন্তর্ভুক্ত প্রতিটী নির্ব্বাচকের অন্ততঃ বয়সটী পরিবর্ত্তন করিতেই হইবে।

প্রতি ৫০০ জন নূতন নির্ব্বাচককে ১৯৫৩ সালের এই নূতন তালিকার অন্তর্ভুক্ত করার বিনিময়ে গণনাকারীকে ১৫ টাকা হিসাবে পারিশ্রমিক দেওয়া হইবে। কিন্তু পুরাতন তালিকা লইয়া তদন্ত করার সময় কোন নাম বা বিবরণ বাদ দিলে বা সংশোধন করিলে বা বয়স পরিবর্ত্তন করিলে সেই সামান্য পরিবর্ত্তনের বিনিময়ে কোন পৃথক পারিশ্রমিক পাওয়া যাইবে না।


এই সমস্ত সর্ত্তে এই গণনাকারীর কাজ করিতে যাঁহারা রাজি আছেন, তাঁহারা যেন নিজ নিজ এলাকার মহকুমা শাসকের নিকট ৭।৫।৫৩ ইং তারিখের মধ্যে আবেদন করেন।

শ্রীজিতেশচন্দ্র তালুকদার
২৫শে এপ্রিল, ১৯৫৩। জেলা শাসক, মুর্শিদাবাদ।

## বাটী বিক্রয়

রঘুনাথগঞ্জ থানার নিকটে সদর রাস্তার উপর একখানি একতলা পোক্তা বাটী বিক্রয় হইবে। নিম্নে অনুসন্ধান করুন।

শ্রীশিবরাম সাহা
রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।




**দি আর্ট ইউনিয়ন প্রিণ্টিং ওয়ার্কস**

৫৫।৭, গ্রে ষ্ট্রীট, পোঃ বিডন ষ্ট্রীট কলিকাতা—৬

টেলিগ্রাম : "আর্টইউনিয়ন" টেলিফোন : বড়বাজার ৪১২

প্রাথমিক, মধ্য ও উচ্চ বিদ্যালয়ের
যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং
বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি
ও
ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়,
কো-অপারেটিভ রুরাল সোসাইটী, ব্যাঙ্কের
যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি
সর্ব্বদা সুলভ মূল্যে পাওয়া যায়

* * *

**রবার ষ্ট্যাম্প** অর্ডারমত যথাসময়ে প্রস্তুত ও ডেলিভারী হয়

আমেরিকায় আবিষ্কৃত

**ইলেকট্রিক সলিউসন**

— দ্বারা —

**মরা মানুষ বাঁচাইবার উপায় ঃ—**



আবিষ্কৃত হয় নাই সত্য কিন্তু যাঁহারা জটিল রোগে ভুগিয়া জ্যান্তে মরা হইয়া রহিয়াছেন, স্নায়বিক দৌর্ব্বল্য, যৌবনশক্তিহীনতা, স্বপ্নবিকার, প্রদর, অজীর্ণ, অম্ল, বহুমূত্র ও অন্যান্য প্রস্রাবদোষ, বাত, হিষ্টিরিয়া, সূতিকা, ধাতুপুষ্টি প্রভৃতিতে অব্যর্থ পরীক্ষা করুন! আমেরিকার সুবিখ্যাত ডাক্তার পেটাল সাহেবের আবিষ্কৃত তড়িৎশক্তিবলে প্রস্তুত 'ইলেকট্রিক সলিউসন' ঔষধের আশ্চর্য্য ফল দেখিয়া মন্ত্রমুগ্ধ হইবেন। প্রতি বৎসর অসংখ্য মুমূর্ষু রোগী নবজীবন লাভ করিতেছে। প্রতি শিশি ১৷৹ টাকা ও মাশুলাদি ৶৹ আনা।

সোল এজেণ্ট :— **ডাঃ ডি, ডি, হাজরা**

ফতেপুর, পোঃ—গার্ডেনরিচ, কলিকাতা—২৪


রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক
সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।